

রুমাবেট বোলাস

উপস্থাপন :

প্রতিটি রুমাবেট বোলাসে রয়েছে এন্টিমিনি পটাশিয়াম টারট্রেট ইউ.এস.পি ২ গ্রাম ও ফেরাস সালফেট ইউ.এস.পি ২ গ্রাম।

বর্ণনা :

গৃহপালিত পশুর পাকস্থলীর স্বাভাবিক নড়া-চড়া বিশেষভাবে হ্রাস পাওয়া ও স্বাভাবিক কার্যক্ষমতা হারিয়ে পাকস্থলীর অচলাবস্থা সৃষ্টি হওয়াকে রুমিনাল স্ট্যাসিস (Ruminal Stasis) বলে। সাধারণত দুগ্ধজাত গাভী ও মহিষ এর ক্ষেত্রে রুমিনাল স্ট্যাসিস বেশি দেখা যায়। এতে গবাদি পশুর হজম ক্ষমতা ও দুধ উৎপাদন ক্ষমতা কমে যায়। রুমাবেট বোলাস একটি রুমেন্টিক প্রিপারেশন যা জাবর কাটা প্রাণীর পাকস্থলীর নড়া-চড়া বৃদ্ধির মাধ্যমে পাকস্থলীর অচল অবস্থা বা রুমিনাল স্ট্যাসিস নিরাময় করে।

নির্দেশনা :

পাকস্থলীর স্বাভাবিক নড়া-চড়া ব্যহত করে এমন কিছু কারণ -

- সাধারণ বদ-হজম ও পেট ফাপা।
- হঠাৎ করে খাদ্যের পরিবর্তন করলে।
- প্রয়োজনীয় পানীয় জলের অভাব হলে।
- প্রয়োজনীয় খাবার না খেলে।
- অতিরিক্ত পরিমাণে আঁশযুক্ত খাদ্য খাওয়ালে।
- দীর্ঘদিন যাবৎ সালফার জাতীয় ঔষধ সেবন করলে।

উপকারীতা :

- বদহজম দূর করে।
- পাকস্থলীকে অচল অবস্থা থেকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনে।
- দুধ উৎপাদন স্বাভাবিক করে।

মাত্রা ও প্রয়োগবিধি :

পূর্ণ বয়স্ক গরু বা মহিষ : দৈনিক ২-৩ টি বোলাস ৩ দিনের জন্য।
পূর্ণ বয়স্ক ছাগল বা ভেড়া : দৈনিক ১/২ বা ১ টি বোলাস ৩ দিনের জন্য।
অথবা ভেটেরিনারি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।

প্রতিনির্দেশনা :

ক্ষীণকায় বা হাড্ডিসার পশুর ক্ষেত্রে প্রতিনির্দেশিত। তবে আক্রান্ত পশুর ক্ষেত্রে ইহা প্রতিনির্দেশিত নয়।

সতর্কতা :

শুধুমাত্র পাকস্থলীর অচলাবস্থায় ব্যবহার্য। মাত্রাতিরিক্ত বা দীর্ঘ সময়ের জন্য ব্যবহার করাবেন না।

সংরক্ষন :

আর্দ্রতামুক্ত ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাহিরে রাখুন।

সরবরাহ :

প্রতি বাক্সে ৪X৫ টি বোলাস।



প্রস্তুতকারক :

গ্লোব ফার্মাসিউটিক্যালস্ লিঃ

(পশু স্বাস্থ্য বিভাগ)

বাংলাদেশ।